

চাবির চাকরিচ্যুত ৫২
শিক্ষকের কাছে পাওনা
৩ কোটি সাড়ে
৬৭ লাখ টাকা

মুহাম্মদ ইব্রাহীম সূজন । ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে চাকরিচ্যুত হওয়া ৫২ শিক্ষকের কাছে পাওনা তিন কোটি ৬৭ লাখ ৫৫ হাজার টাকা এখনও আদায় করা যায়নি। টাকা ফেরত দিতে নির্দেশ দিয়ে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গত ৯ মার্চ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এরপর ২১ দিন অতিবাহিত হলেও চাকরিচ্যুত শিক্ষকরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেননি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বার বার চিঠি দিয়ে তাগাদা দিলেও তারা এ টাকা পরিশোধ করছেন না। চাকরিচ্যুত এরকম ৫২ শিক্ষকের কাছে পাওনা- রয়েছে শিক্ষাঞ্চল বারদ বিশ্ববিদ্যালয়ের তিন কোটি ৬৭ লাখ ৫৫ হাজার ৯৭১ টাকা। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, উচ্চশিক্ষার জন্য ছুটি নিয়ে বিদেশ গিয়ে নির্দিষ্ট সময়ে বিশ্ববিদ্যালয়ে ফিরে এসে যোগ না দেয়ার এসব শিক্ষককে চাকরিচ্যুত করা হয়। তাঁদের মধ্যে বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক আমিনুর রহমানের কাছে ৩৮ লাখ ১২ হাজার ২৪৪ টাকা, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক শেখ মোহাম্মদ আলীর কাছে ৩০ লাখ ৪৪ হাজার ১৮২, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মাহমুদুর রহমান ভূঞার কাছে ২৩ লাখ ১৪ হাজার ৯২৫, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের সহকারী অধ্যাপক আমিনুল ইসলাম মল্লিকের কাছে ১৫ লাখ ৮৪ হাজার ২৮৭, এ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহকারী অধ্যাপক আরিফুর রহমানের কাছে